রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ১২, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**জনস্বাস্থ্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ/ ০৪ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ১২২-আইন/**২০১৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের **১৩৩** অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

**১। শিরোনাম।**—এই বিধিমালা সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **''এম,বি,বি,এস"** অর্থ ব্যাচেলর অফ মেডিসিন এন্ড ব্যাচেলর অফ সার্জারী;

(খ) **''কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) **"ডিগ্রি" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট"** অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রি, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;



**মূল্যঃ** টাকা ২০.০০

(ঘ) **''তফসিল''** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(চ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ছ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(জ) **"বি,এইচ,এম,এস"** অর্থ ব্যাচেলর অফ হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী;

(ঝ) **"শিক্ষানবিশ"** অর্থ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি;

(ঞ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোন শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) পদায়ন এর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি অথবা দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণি অথবা তৃতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ হইলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

**তফসিল**

**[বিধি ২ (ঘ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | অধ্যক্ষ-কাম-অধীক্ষক | - | পদায়ন এর মাধ্যমে। | অধ্যাপক পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| (২) | অধ্যাপক | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) সহযোগী অধ্যাপক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫(পাঁচ)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (৩) | সহযোগী অধ্যাপক | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) সহকারী অধ্যাপক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৪(চার)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (৪) | ডেপুটি সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) সহকারী অধ্যাপক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৪(চার)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (৫) | সহকারী অধ্যাপক (হোমিওপ্যাথিক) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (হোমিও) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমারর্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৬) | সহকারী অধ্যাপক (এলাইড মেডিকেল) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (এলাইড মেডিকেল) বা প্রভাষক (কমিউনিটি মেডিসিন) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমারর্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (৭) | সহকারী অধ্যাপক (ক্রনিক ডিজিজ, কেস টেকিং ও হোমিওপ্যাথিক রেপার্টারাইজেশন) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (ক্রনিক ডিজিজ, কেস টেকিং ও হোমিওপ্যাথিক রেপার্টা-রাইজেশন) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমারর্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (৮) | সহকারী অধ্যাপক (হোমিওপ্যাথিক ফিলোসফি ও নিয়মনীতি) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (হোমিওপ্যাথিক ফিলোসফি ও নিয়মনীতি) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমারর্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (৯) | সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান) | | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (মনোবিজ্ঞান) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমারর্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১০) | সহকারী অধ্যাপক (হোমিওপ্যাথিক ফার্মেসী) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (হোমিওপ্যাথিক ফার্মেসী) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমারর্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (১১) | সহকারী অধ্যাপক (ব্যবহারিক হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (ব্যবহারিক হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমার্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (১২) | সহকারী অধ্যাপক (ফিজিওলজি) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (এলাইড মেডিকেল) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমার্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (১৩) | সহকারী অধ্যাপক (প্যাথলজি) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (এলাইড মেডিকেল) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমার্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১৪) | সহকারী অধ্যাপক (সার্জারী) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (সার্জারী) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমার্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (১৫) | সহকারী অধ্যাপক (অবস্টট্রিস এন্ড গাইনোকলজী) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (অবস্টট্রিস এন্ড গাইনোকলজী) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমার্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (১৬) | সহকারী অধ্যাপক (ফরেনসিক মেডিসিন) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রভাষক (ফরেনসিক মেডিসিন) বা রেসিডেন্ট মেডিকেল অফিসার বা ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা ইমার্জেন্সী মেডিকেল অফিসার বা মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩(তিন)টি মৌলিক গবেষণা সংক্রান্ত প্রকাশনা থাকিতে হইবে। |
| (১৭) | প্রভাষক (হোমিও) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (১৮) | প্রভাষক (ক্রনিক ডিজিজ, কেস টেকিং ও হোমিওপ্যাথিক রেপার্টারাইজেশন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১৯) | প্রভাষক (হোমিওপ্যাথিক ফিলোসফি ও নিয়মনীতি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (২০) | প্রভাষক (মনোবিজ্ঞান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (২১) | প্রভাষক (হোমিওপ্যাথিক ফার্মেসী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (২২) | প্রভাষক (ব্যবহারিক হোমিও প্যাথিক চিকিৎসা বিজ্ঞান) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (২৩) | প্রভাষক (এলাইড) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (২৪) | প্রভাষক (কমিউনিটি মেডিসিন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (২৫) | প্রভাষক (সার্জারী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (২৬) | প্রভাষক (অবস্‌টট্রিস এন্ড গাইনোকলজী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (২৭) | প্রভাষক (ফরেনসিক মেডিসিন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (২৮) | রেসিডেন্ট মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (২৯) | ক্লিনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (৩০) | ইমারর্জেন্সী মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (৩১) | মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (৩২) | ক্লিনিক্যাল প্যাথলজিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩৩) | রেডিওলজিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে বি,এইচ,এম,এস ডিগ্রিসহ স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকিতে হইবে; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম,বি,বি,এস ডিগ্রিসহ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| (৩৪) | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে ল্যাবরেটরী বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসর মেয়াদি স্বাস্থ্য ও প্রযুক্তিবিদ্যায় ডিপ্লোমা। |
| (৩৫) | মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে রেডিওগ্রাফী বিষয়ে অন্যূন ৩(তিন) বৎসর মেয়াদি স্বাস্থ্য ও প্রযুক্তিবিদ্যায় ডিপ্লোমা। |
| (৩৬) | সিস্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে নার্সিং এ ডিপ্লোমা; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত হইতে হইবে। |
| (৩৭) | স্টাফ নার্স | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে নার্সিং এ ডিপ্লোমা; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত হইতে হইবে। |
| (৩৮) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) ইউ ডি এ পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরি; অথবা<br>(খ) ইউ ডি এ পদে চাকুরিসহ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| (৩৯) | হেড অ্যাসিস্ট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) হিসাব রক্ষক বা ইউডিএ পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরি;এবং<br>(খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবল শুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৪০) | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** হিসাব সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং (খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবল শুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |
| (৪১) | ইউ ডি এ | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| (৪২) | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে উত্তীর্ণ অথবা গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| (৪৩) | ক্যাশিয়ার (হাসপাতাল) | - | পদোন্নতির মাধ্যমে। | ক্যাশিয়ার (কলেজ) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। |
| (৪৪) | স্টুয়ার্ড | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) কম্পাউন্ডার বা ডায়েট ক্লার্ক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি; এবং (খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবল শুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |
| (৪৫) | ডার্করুম টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং (খ) এক্স-রে বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৪৬) | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) রেকর্ড সাপ্লাইয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবলশুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবলশুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |
| (৪৭) | অপারেটর (অডিও ভিজ্যুয়াল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) অডিও ভিজ্যুয়াল কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪৮) | অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স বা গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান কোর্সে উত্তীর্ণ হইতে হইবে; এবং<br>(গ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবলশুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৪৯) | ক্যাশিয়ার (কলেজ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবলশুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |
| (৫০) | হিসাব সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবলশুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |
| (৫১) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) রেকর্ড সাপ্লাইয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:—<br>(অ) **বাংলা:** প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(আ) **ইংরেজি:** প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:—<br>(অ) **বাংলা:** প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(আ) **ইংরেজি:** প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৫২) | মেইনটেনেন্স টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল কাজে অন্যূন ২(দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৫৩) | কম্পাউন্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী (ডি এইচ এম এস) কোর্সে উত্তীর্ণ হইতে হইবে। |
| (৫৪) | ডায়েট ক্লার্ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) এমএস ওয়ার্ড, এক্সেল ও ট্রাবলশুটিংসহ কম্পিউটার চালনায় পারদর্শী হইতে হইবে। |
| (৫৫) | রেকর্ড সাপ্লাইয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | লাইব্রেরি এটেনডেন্ট বা ফিটার বা অফিস সহায়ক (দপ্তরী) বা অর্ডার্লী-টু-প্রিন্সিপাল বা ল্যাবরেটরী এটেনডেন্ট বা বেয়ারার বা স্ট্রেচার বেয়ারার বা অফিস সহায়ক বা ওয়ার্ড বয় বা আয়া পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫৬) | ড্রাইভার (ভারি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৫৭) | ড্রাইভার (হালকা) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৫৮) | লাইব্রেরি এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৫৯) | ফিটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; তবে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৬০) | অফিস সহায়ক (দপ্তরী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৬১) | অর্ডার্লী-টু-প্রিন্সিপাল | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৬২) | ল্যাবরেটরী এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; তবে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৬৩) | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৬৪) | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৬৫) | বেয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৬৬) | ওয়ার্ড বয়/আয়া | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (৬৭) | ধুপি-কাম-আয়রনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (৬৮) | স্ট্রেচার বেয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| (৬৯) | বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; তবে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৭০) | সহকারী বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>তবে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৭১) | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; তবে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৭২) | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে। তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। |
| (৭৩) | ডোম | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; তবে পেশাদার ডোম প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গৌতম কুমার**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd